

শিক্ষার আদর্শিক ভিত্তি শীর্ষক সেমিনারে বক্তাগণ

ইসলামী মূল্যবোধের ভিত্তিতে জাতীয় শিক্ষা নীতি প্রণয়ন করতে হবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : গতকাল ঢাকায় অনুষ্ঠিত 'শিক্ষার আদর্শিক ভিত্তি : প্রেক্ষিতে বাংলাদেশ শীর্ষক এক সেমিনারে বক্তাগণ দেশের সংখ্যাগরিষ্ঠ মানুষের বিশ্বাস অনুযায়ী ইসলামী মূল্যবোধের ভিত্তিতে জাতীয় শিক্ষা নীতি প্রণয়নের আহ্বান জানিয়েছেন। ইসলামী ছাত্র শিবির আয়োজিত এ সেমিনারে বক্তারা বলেছেন, ডঃ কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন গঠিত হয়েছিল ২৩ বছর আগে। গণতন্ত্র, সমাজতন্ত্র, জাতীয়তাবাদ ও ধর্মনিরপেক্ষতার চার মূলনীতির ভিত্তিতে প্রণীত কমিশনের রিপোর্ট পরিবর্তিত জাতীয় ও আন্তর্জাতিক বর্তমান প্রেক্ষিতে বাস্তবসম্মত ও যুগোপযোগী নয়। বাংলাদেশের সংবিধানে ইসলাম রাষ্ট্রধর্ম হিসেবে স্বীকৃত। রাষ্ট্রীয় চার মূলনীতিতেও আল্লাহর ওপর পূর্ণ আস্থা ঘোষিত হয়েছে। এই প্রেক্ষিতে বাংলাদেশের সংখ্যাগরিষ্ঠ মানুষের মন, মানস, মূল্যবোধ, আকিদা-বিশ্বাসের ভিত্তি, ইসলামী আদর্শের ভিত্তিতে জাতীয় শিক্ষা নীতি প্রণয়ন করতে হবে।

ফটো জার্নালিস্ট এসোসিয়েশন মিলনায়তনে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডীন প্রফেসর ফয়েজ উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সেমিনারে প্রধান অতিথি ছিলেন ভাষা সৈনিক, বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক শাহেদ আলী। বক্তব্য রাখেন ঢাকা

বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক এস এম লুৎফর রহমান, বিশিষ্ট সাংবাদিক গিয়াস কামাল চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ আব্দুর রব, রাজনীতিবিদ আব্দুল কাদের মোল্লা, শিবিরের সভাপতি মুহাম্মদ শাহজাহান, শিবির নেতা এহসানুল মাহবুব জুবায়ের, মতিউর রহমান আকন্দ, শাহ আলম ভূঁইয়া, মোঃ মর্তুজা ও কামাল আহমেদ শিকদার।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক শাহেদ আলী বলেন, শিক্ষা ব্যবস্থাকে আমদানী করা যায় না, জাতির বিশ্বাস, মানসিকতা, মূল্যবোধ, আদর্শ ও সাংস্কৃতিক আদর্শের ভিত্তিতে তা বিকশিত হয়। যে জাতির সাথে ধর্মের সম্পর্ক নেই তারা কখনো আত্মপরিচয়ে বলিয়ান হতে পারে না। তিনি বলেন, কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন রিপোর্ট বাংলাদেশের সংখ্যাগরিষ্ঠ মানুষের আদর্শ বিরোধী। বাংলাদেশের সংবিধান সংশোধন না করে এই দেশে ধর্মনিরপেক্ষ শিক্ষা নীতি চালু করা যাবে না। তিনি বলেন, ইসলাম এদেশের

গভীরে প্রোথিত। কেউ চাইলেই এর মূল উপড়ে ফেলতে পারে না। এদেশে ইসলামের বিরুদ্ধে ষড়যন্ত্রকারীরা মুষ্টিমেয়। দেশের বৃহত্তম জনগোষ্ঠী এই সকল ষড়যন্ত্রকারীর শিকড় উপড়ে ফেলবে।